



জাতীয় মহিলা সংস্থা বান্দরবান জেলা কার্যালয়।



ফোন : ০২৩৩৩০২২৮২/০১৯২৫-৮৭০০৩৪

ওয়েব সাইট : jms.bandarban.gov.bd

ই-মেইল : jmsbandarban@gmail.com

সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কার্যক্রমে ভর্তি বিজ্ঞপ্তি- ২০২২-২৩খ্রি.

জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত “সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ” কর্মসূচীর আওতায় আগামী নভেম্বর’২০২২ খ্রি. মাস হতে ফেব্রুয়ারী’২০২৩ পর্যন্ত (৪১তম ব্যাচ) ০৪ (চার) মাস মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষণার্থী (শুধুমাত্র মহিলা) ভর্তির আহ্বান করা যাচ্ছে।

ভর্তি শর্তাবলী

০১. ভর্তির ফরম অত্রাফিস থেকে সরবরাহ করা হবে।
০২. ভর্তির ফরম আগামী ০৪ অক্টোবর’২০২২খ্রি. তারিখ হতে ১৩ অক্টোবর’২০২২খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালিন সময়ে আবেদন ফরম সরবরাহ ও জমা নেওয়া হবে এবং আগামী ২৫ অক্টোবর’২০২২খ্রি. তারিখে বাছাই করত: চূড়ান্তভাবে বাছাইকৃত প্রশিক্ষণার্থীদের নামের তালিকা এ ওয়েব সাইটে jms.bandarban.gov.bd প্রকাশ করা হবে।
০৩. বাছাইকৃত ৩০জন প্রশিক্ষণার্থীদের নিয়ে আগামী ১ নভেম্বর/২০২২খ্রি. তারিখ থেকে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে।
০৪. শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম শ্রেণী পাশ এবং বয়স নূন্যতম ১৮হতে ৪৫ বছর হতে হবে।
০৫. আবেদনকারীদের-কে প্রশিক্ষণ ভর্তির ফরম-এর চাহিত কাগজপত্রাদি যেমন পাসপোর্ট সাইজের ২কপি ছবি, প্রার্থীর জাতীয় পরিচয়পত্র/NID কার্ড (যদি থাকে) বা জন্ম সনদ, পিতা ও মাতার উভয়ের জাতীয় পরিচয়পত্র/NID কার্ড, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সত্যায়িত ফটোকপি আৱশ্যিক-ভাবে প্রদান করতে হবে।

বিশেষ সুবিধা

০৬. প্রশিক্ষণার্থীদের-কে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা এবং প্রশিক্ষণ শেষে সনদপত্র প্রদান করা হবে।
০৭. জাতীয় মহিলা সংস্থা, বান্দরবান জেলা কার্যালয় কর্তৃক পরিচালিত “মহিলাদের আত্ম-কর্ম সংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচীর আওতায় বিশেষভাবে ঋণ প্রদানের ব্যবস্থা করা হবে।
০৮. বিজ্ঞপ্তিত তথ্য সংস্থার ওয়েব সাইটে jms.bandarban.gov.bd।

বিঃদ্র: ভর্তির ফরমে চাহিত তথ্য ও কাগজপত্রাদি অসম্পূর্ণ কিংবা ত্রুটিপূর্ণ হলে সরাসরি বাতিল বলে গণ্য করা হবে। প্রশিক্ষণার্থী ভর্তির ফরম যাচাই ও বাছাই-এর ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য করা হবে।

(জোহরা বেগম চৌধুরী)

চেয়ারম্যান

জাতীয় মহিলা সংস্থা

বান্দরবান জেলা কার্যালয়।